



একই তারিখ ও স্বাক্ষর প্রতিস্থাপিত

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৬০/২০১৬/ ২৩৫৬০

তারিখ: ০২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অফিস আদেশ**

ঝিকরগাছা দারুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: ঝিকরগাছা, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর- এর কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগে অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৯.০৬.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) হাদীস বিভাগে নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০২৩ খ্রি. থেকে ৩০.০৬.২০২৭ খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

**শর্তসমূহ:**

১. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি এবং উপস্থিতি নিশ্চিত করতে হবে।
২. শ্রেণিকক্ষে মূল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে। শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষা দক্ষ করে গড়ে তুলার লক্ষ্যে আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৩. শ্রেণি কক্ষসমূহ দ্রুত সময়ের মধ্যে সংস্কার করতে হবে।
৪. একাডেমিক, প্রশাসনিক ও আর্থিকসহ সকল কার্যক্রম বিধি মোতাবেক সম্পন্ন করতে হবে।
৫. ব্যাংকের মাধ্যমে সকল আর্থিক লেনদেন করতে হবে এবং বাৎসরিক সকল আয়-ব্যয়ের হিসাব অডিট কমিটির মূল্যায়ন শেষে গভর্নিং বডি'র অনুমোদন নিতে হবে।
৬. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

*(Handwritten Signature)* 17.12.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

ঝিকরগাছা দারুল উলুম কামিল মাদরাসা,

ডাকঘর: ঝিকরগাছা, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-৬০/২০১৬/ ২৩৫৬০

তারিখ: ০২ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
১৭ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এক ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, ঝিকরগাছা দারুল উলুম কামিল মাদরাসা, ডাকঘর: ঝিকরগাছা, উপজেলা: ঝিকরগাছা, জেলা: যশোর।
৮. অফিস নথি।

*(Handwritten Signature)*

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭২৪৮০৮৫২৪